# চট্টগ্রাম বোর্ড ২০১৫

## ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা : দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ২ | ৭ | ৮ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট

### সৃজনশীল

পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১.▶ জনাব মনিরুল ইসলাম একটি উৎপাদনশীল প্রতিষ্ঠানে গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করছেন। তিনি প্রতিষ্ঠানের লক্ষ্য নির্ধারণ, নীতিমালা প্রস্তুত, পরিকল্পনা গ্রহণ এবং বাজারজাতকরণ কৌশল নির্ধারণের সাথে সম্পৃক্ত। সম্প্রতি তিনি কারখানার অত্যাধুনিক তিনটি নতুন মেশিন স্থাপন করেন। পুরাতন মেশিন চালকগণ নতুন মেশিন চালানোয় পারদর্শী নয়। এতে উৎপাদন বৃদ্ধির পরিবর্তে উৎপাদন কাজে বিঘ্ন ঘটছে। যার কারণে তিনি মেশিনে চালকদের জন্যে দক্ষতা বৃদ্ধির চিন্তা করছেন।

ক. ব্যবস্থাপনা কাকে বলে? ১

খ. ব্যবস্থাপনা কি একটি পেশা? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে জনাব মনিরুল ইসলাম ব্যবস্থাপনার কোন স্তরের দায়িত্ব পালন করছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব মনিরুল ইসলাম মেশিন চালকদের জন্য যে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত নিয়েছেন তাতে তিনি সফল হবে বলে কি তুমি মনে করো? মতামত দাও। ৪

২.▶ জনাব নাসরিন একটি প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক। এতদিন প্রতিষ্ঠানের সকল সিদ্ধান্ত তিনি একাই গ্রহণ করলেও বর্তমানে প্রতিষ্ঠান বড় হওয়ায় এবং কাজের জটিলতা বৃদ্ধি পাওয়ায় সাংগঠনিক অবস্থার উন্নতির জন্য সাংগঠনিক - কাঠামো পরিবর্তনের সিদ্ধান্ত নিলেন। বিভিন্ন বিভাগে ব্যবস্থাপক নিয়োগ দিলেন। এতে জনাব নাসরিনের কাজের চাপ কমার পাশাপাশি প্রতিষ্ঠানের শৃঙ্খলা বৃদ্ধি পেতে লাগল।

ক. সংগঠন কী? ১

খ. মেট্রিক্স সংগঠন বলতে কী বুঝায়? ২

গ. জনাব নাসরিনের প্রতিষ্ঠানে প্রথমে কোন ধরনের সংগঠন কাঠামো বিদ্যমান ছিল? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব নাসরিনের প্রতিষ্ঠানের সাংগঠনিক কাঠামো পরিবর্তনের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

৩.▶ 'আবাহন লি. কোম্পানি একটি আন্তর্জাতিকমানের ঔষধ প্রস্তুতকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি কর্মীদের ব্যাপারে খুবই যত্নশীল। প্রতিষ্ঠানটি কর্মীদের শিক্ষা, চিকিৎসা ও বাসস্থানসহ নানাবিধ সুবিধা দিয়ে থাকে। কিন্তু কর্মীরা সব সময় চাকুরির নিরাপত্তাজনিত অনিশ্চয়তায় ভোগে। যার কারণে ভাল সুযোগ-সুবিধা থাকার পরও কর্মীদের মধ্যে প্রতিষ্ঠান ছেড়ে চলে যাওয়ার প্রবণতা লক্ষ্য করা যায়। বিষয়টি নিয়ে আবাহন লি. কোম্পানি তার কর্মীদের সাথে আলাপ আলোচনার সিদ্ধান্ত নিয়েছেন।

ক. প্রেষণার ভিত্তি কি? ১

খ. হার্জবার্গের দ্বি-উপাদান তত্ত্বের রক্ষণাবেক্ষণ উপাদান বলতে কী বোঝায়? ২

গ. আবাহন লি. কর্মীদের কি ধরনের প্রেষণা প্রদান করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. কি ব্যবস্থা গ্রহণ করলে আবাহন লি.-এর প্রতি কর্মীদের আকর্ষিত করা যাবে বলে তুমি মনে করো? যুক্তি দাও। ৪

৪.▶ জনাব জোবায়ের ২০১৪ সালে তার প্রতিষ্ঠান থেকে ২ লক্ষ পিস শার্ট বিক্রয়ের লক্ষ্যমাত্রা ঠিক করলেন। কিন্তু তিনি তার বিক্রয় বিভাগ, বাজারজাতকরণ বিভাগ ও অর্থবিভাগের সাথে কোন রকম যোগাযোগ না করায় অনেক শার্ট অবিক্রীত থেকে যায়। যার কারণে গুদামজাতকরণে সমস্যা দেখা দেয় এবং প্রতিষ্ঠানটি প্রচুর আর্থিক লোকসানের সম্মুখীন হয়। এ অবস্থায় জনাব জোবায়ের তার প্রতিষ্ঠানের সকল নীতিমালা নতুন করে সাজানোর চিন্তা করছেন। কারণ সকলের সাথে আলাপ আলোচনা না করে নীতিমালা তৈরি করলে লক্ষ্যে পৌঁছানো সম্ভব হয় না।

ক. যোগাযোগ কী? ১

খ. ভারসাম্যের নীতি বলতে কী বোঝায়? ২

গ. জনাব জোবায়েরের প্রতিষ্ঠানে ব্যবস্থাপনার কোন কাজের ঘাটতি পরিলক্ষিত হয়? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের জোবায়ের তার প্রতিষ্ঠানের সফলতার জন্য যে পদক্ষেপ নিয়েছেন তার যথার্থতা মূল্যায়ন করো। ৪

৫.▶ জনাব মিজান একজন চা রপ্তানিকারক। আমাদের দেশের উৎপাদিত চায়ের বিদেশে প্রচুর চাহিদা থাকায় চা রপ্তানিতে সাফল্যের ধারাবাহিকতা বজায় রাখার জন্য বহির্বিশ্বে বাজার সম্প্রসারণের পাশাপাশি পার্শ্ববর্তী দেশগুলোতেও চা রপ্তানির সিদ্ধান্ত নেন। সে অনুযায়ী তিনি বিভিন্ন দেশের বিক্রয় ব্যবস্থাপকের সাথে আলোচনা করেন এবং ৫০% বিক্রয় বৃদ্ধির সিদ্ধান্ত গ্রহণ করেন। সিদ্ধান্ত বাস্তবায়নে একটু বেশি সময় লাগলেও কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছানো সম্ভব বলে তিনি মনে করেন।

ক. নিম্নগামী যোগাযোগ কী? ১

খ. পরিকল্পনার নমনীয়তা বলতে কী বুঝ? ২

গ. জনাব মিজান প্রকৃতির ভিত্তিতে কোন ধরনের পরিকল্পনা গ্রহণ করেছেন— ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব মিজান তার লক্ষ্যে পৌঁছানোর জন্য বাজার সম্প্রসারণ ও সময়ের উপর যে গুরুত্ব দিয়েছেন তার যথার্থতা মূল্যায়ন করো। ৪

৬.▶ 'অরুনিমা' একটি বৃহদায়তন উৎপাদনকারী প্রতিষ্ঠান। বর্তমানে প্রতিষ্ঠানটি একটি লোকসানমুখী প্রতিষ্ঠানে পরিণত হয়েছে। বর্তমান সংগঠন কাঠামোতে কর্মীরা একই সময়ে একাধিক কর্মকর্তার দেয়া আদেশে কার্যসম্পাদন করছেন। ফলে কিছু সমস্যার সম্মুখীন হচ্ছে। আবার কোনো কর্মী নির্দেশনার অভাবে অলস সময় কাটাচ্ছেন। এ ছাড়াও ঊর্ধ্বতন কর্মকর্তাদের কার্যভার বেশি থাকায় সিদ্ধান্ত গ্রহণে সময়ক্ষেপণ করে। এমতাবস্থায় প্রতিষ্ঠানের পরিচালক পর্ষদ বর্তমান সংগঠন কাঠামো ও জনবল ঠিক রেখে প্রতিষ্ঠানের সমস্যা উত্তরণের প্রচেষ্টা চালাচ্ছেন।

ক. আধুনিক ব্যবস্থাপনার জনক কে? ১

খ. 'জোড়া মই শিকল' নীতি বলতে কী বোঝায়? ২

গ. অরুনিমা প্রতিষ্ঠানটিতে ব্যবস্থাপনার কোন নীতির ব্যত্যয় ঘটেছে— ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লেখিত সমস্যা উত্তরণে পরিচালক পর্ষদের কার্যভার লাঘবে করণীয় কি হতে পারে বলে তুমি মনে করো? যুক্তি দাও। ৪

৭.▶ রায়হান লিমিটেড একটি বৃহৎ পাটকল। সম্প্রতি প্রতিষ্ঠানটি তিনজন সহকারী ব্যবস্থাপকের মধ্য হতে মি. সাকিবকে ব্যবস্থাপক হিসেবে পদোন্নতি দেয়। মি. সাকিব গত ৫-৫-২০১০ তারিখে সহকারী ব্যবস্থাপক হিসেবে অত্র প্রতিষ্ঠানে যোগদান করেন। যেখানে একই পদমর্যাদায় অন্য দুইজন সহকারী ব্যবস্থাপক তার এক বৎসর পূর্ব হতেই অত্র প্রতিষ্ঠানে কর্মরত ছিলেন। বিষয়টি নিয়ে কর্মকর্তাদের মধ্যে চাপা অসন্তোষ বিরাজ করছে। অনেকেই ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে পদোন্নতির বিদ্যমান নীতি বা ভিত্তিতে কিছুটা পরিবর্তনের অনুরোধ জানাচ্ছেন।

ক. পদ আবর্তন কী? ১

খ. সমন্বয়ে নমনীয়তার নীতি বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে কর্মীসংগ্রহের কোন মৌলিক উৎস ব্যবহার করা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. প্রতিষ্ঠানিক সুষ্ঠু পরিবেশ বজায় রাখার স্বার্থে উদ্দীপকের পদোন্নতির বিদ্যমান নীতি পরিবর্তনের যে অনুরোধ— তা কতটুকু যৌক্তিক বলে তুমি মনে করো? ৪

৮.▶ প্রগতি লি. কোম্পানি একটি আন্তর্জাতিকমানের পোশাক প্রস্তুতকারী প্রতিষ্ঠান। উন্নতমানের পোশাক তৈরির জন্য বাজারে তাদের যথেষ্ট সুনাম রয়েছে। ২০১৩ সালে এই প্রতিষ্ঠান শ্রেষ্ঠ করদাতা হিসেবে পুরস্কৃত হয়। ২০১৪ সালে এ প্রতিষ্ঠান তাদের উৎপাদন মাত্রা বাড়িয়ে বছরে ৫ লক্ষ একক ধার্য করে। কিন্তু ২০১৪ সালের জুলাই মাসে দেখেন মাত্র ২ লক্ষ একক পোশাক তৈরি হয়েছে। এই অবস্থায় প্রতিষ্ঠানটি তাদের তদারকি বাড়িয়ে দেয় এবং ত্রুটি-বিচ্যুতিগুলো খুঁজে বের করে পদক্ষেপ নেয়। তারা আশা করছে নির্দিষ্ট সময়ের মধ্যে লক্ষ্যে পৌঁছাতে পারবে।

ক. বাজেট কী? ১

খ. 'নিয়ন্ত্রণ একটি অবিরাম প্রক্রিয়া'— ব্যাখ্যা করো। ২

গ. প্রগতি লি. কোং প্রথমত নিয়ন্ত্রণের কোন পদক্ষেপ অনুসরণ করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. পরিবর্তিত পরিস্থিতিতে যে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে, তাতে কী প্রগতি লি. কোম্পানি সফল হবে বলে তুমি মনে করো? যুক্তি দাও। ৪

৯.▶ নিচের চিত্রটি দেখে প্রশ্নগুলোর উত্তর দাও।




ক. টেলিকনফারেন্স কী? ১

খ. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপকে চিত্রটি কোন ধরনের যোগাযোগ পদ্ধতি নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত যোগাযোগ পদ্ধতিটি আন্তঃসম্পর্ক উন্নয়নে সহায়ক কিনা? বিশ্লেষণ করো। ৪

http://teachingbd.com

# চট্টগ্রাম বোর্ড-২০১৫

## ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা দ্বিতীয়পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট পূর্ণমান— ৪০ বিষয় কোড : | ২ | ৭ | ৮ |

১. ব্যবস্থাপনার কোন নীতি অনুসরণ করে কর্মীদের কাজে আগ্রহী করে তোলা যায়?
ⓚ জোড়া-মই-শিকল ⓚ নির্দেশনার ঐক্য
ⓖ বিকেন্দ্রীকরণ ⓖ কেন্দ্রীকরণ

১. ব্যবস্থাপনার কোন নীতি অনুসরণ করে কর্মীদের কাজে আগ্রহী করে তোলা যায়?
ক জোড়া-মই-শিকল খ নির্দেশনার ঐক্য
গ বিকেন্দ্রীকরণ ঘ কেন্দ্রীকরণ

২. নিচের কোন সংগঠন কাঠামোটির স্থায়িত্ব সবচেয়ে কম?
ক সরলরৈখিক খ কমিটি
গ কার্যভিত্তিক ঘ সরলরৈখিক ও পদস্থকর্মী

**উদ্দীপকটি পড়ো এবং ৩-৪ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. জনি ও রনি দুইবন্ধু। তাদের প্রতিষ্ঠান দুটি পাশাপাশি অবস্থিত। মি. জনি প্রতিষ্ঠান পরিচালনা করতে গিয়ে কোনো বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের পূর্বে কর্মীদের সাথে আলাপ-আলোচনা করে সিদ্ধান্ত নেন। অপরদিকে, রনি তার প্রতিষ্ঠানে কর্মীদের ওপর কাজ চাপিয়ে দেন, তাদের মতামতকে গুরুত্ব দেন না এবং এর প্রভাব সম্পর্কেও তিনি সচেতন নন। ফলে তিনি কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জন করতে পারেননি।

৩. উদ্দীপকে মি. জনি তার প্রতিষ্ঠানে কোন ধরনের নেতৃত্ব প্রয়োগ করেন?
ক পিতৃসুলভ খ স্বৈরতান্ত্রিক
গ লাগামহীন ঘ গণতান্ত্রিক

৪. উদ্দীপকে মি. রনির নেতৃত্ব প্রতিষ্ঠানে —
i. কর্মীদের মনোবল হ্রাস করে
ii. কর্মীদের সৃজনশীলতা হ্রাস করে
iii. উৎপাদনশীলতা হ্রাস করে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৫. কোনটি ব্যবস্থাপনা প্রক্রিয়া বহির্ভূত?
ক পরিকল্পনা খ সংগঠন
গ গবেষণা ঘ নিয়ন্ত্রণ

৬. প্রতিষ্ঠানে সমন্বয়সাধন কেন প্রয়োজন?
ক লক্ষ্য অর্জনে দলীয় প্রচেষ্টা সংহতকরণ
খ প্রাতিষ্ঠানিক মুনাফা সর্বোচ্চকরণ
গ সমন্বিত সুযোগ-সুবিধা অর্জন
ঘ কর্মীদের জবাবদিহিতা নিশ্চিতকরণ

৭. নিচের কোনটি এক ধরনের প্রতিযোগিতামূলক পরিকল্পনা?
ক কৌশল খ প্রক্রিয়া
গ কর্মসূচি ঘ নীতি

৮. দ্বি-উপাদান তত্ত্ব অনুযায়ী নিচের কোনটি প্রেষণার রক্ষণাবেক্ষণমূলক উপাদান?
ক স্বীকৃতি খ পদমর্যাদা
গ আকর্ষণীয় কাজ ঘ দায়িত্ব

৯. কোন ধরনের সংগঠনে সর্বোচ্চ শৃঙ্খলা প্রতিষ্ঠা করা যায়?
ক সরলরৈখিক খ কার্যভিত্তিক
গ কমিটি ঘ ম্যাট্রিক্স

**উদ্দীপকটি পড়ো এবং ১০-১১নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব সাবিদ এ্যাপিলেন্ট ফ্যাশন নামে একটি উৎপাদনকারী প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক। তার প্রতিষ্ঠানে বিভিন্ন ডিজাইন ও মানের পণ্য উৎপাদন করা হয়। তিনি প্রতিষ্ঠানের কাজগুলোকে কাজের ধরন অনুযায়ী বিভিন্ন ভাগে বিভক্ত করেন এবং প্রত্যেক বিভাগের জন্য একজন করে প্রধান কর্মকর্তা নিয়োগ করেন। অল্প দিনের মধ্যেই তিনি সফলতা অর্জন করেন।

১০. উদ্দীপকে জনাব সাবিদের কাজটিতে ব্যবস্থাপনার কোন নীতি প্রতিফলিত হয়েছে?
ক আদেশের ঐক্য খ কার্য বিভাজন
গ কর্তৃত্ব ও দায়িত্বে সমতা রক্ষা
ঘ সাম্য

১১. উদ্দীপকে জনাব সাবিদের গৃহীত পদক্ষেপের ফলে —
i. প্রতিষ্ঠানের নিয়োজিত সম্পদের সদ্ব্যবহার নিশ্চিত হয়
ii. কর্মীরা নির্দিষ্ট কাজে দক্ষতা লাভ করে
iii. তত্ত্বাবধান ও জবাবদিহিতা সহজতর হয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১২. মাসলোর চাহিদা সোপান তত্ত্বের সর্বোচ্চ ধাপ কোনটি?
ক আত্ম-তৃপ্তি খ আত্ম-সম্মান
গ আত্ম-প্রতিষ্ঠা ঘ আত্ম-বিশ্বাস

**উদ্দীপকটি পড়ো এবং ১৩নং প্রশ্নের উত্তর দাও।**
বনলতা হাউজিং লিমিটেড ২০১২—২০১৬ সাল পর্যন্ত একটি পরিকল্পনা তৈরি করে। কিন্তু ২০১৩ সালে প্রতিযোগী প্রতিষ্ঠানের সাথে তুলনা করে পরিকল্পনাটি পুনঃমূল্যায়ন করে উৎপাদন কাজ পরিচালনা করছে।

১৩. নিচের কোন বৈশিষ্ট্যের কারণে বনলতা হাউজিং লিমিটেড-এর পরিকল্পনা পুনঃমূল্যায়ন করা সম্ভব হয়েছে?
ক বাস্তবমুখীতা খ নমনীয়তা
গ গ্রহণযোগ্যতা ঘ সহজবোধ্যতা

১৪. প্রতিষ্ঠানের নির্দেশনা ব্যবস্থাপনার কোন স্তর থেকে প্রবাহিত হয়?
i. উচ্চস্তরে ii. মধ্যমস্তরে
iii. নিম্নস্তরে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৫. হেনরী ফেয়ল ব্যবস্থাপনার কয়টি নীতি প্রদান করেছেন?
ক ৭টি খ ১০টি গ ১৪টি ঘ ১৬টি

**উদ্দীপকটি পড়ো এবং ১৬নং প্রশ্নের উত্তর দাও।**
সোহান টেক্সটাইল লি.-এর কর্তৃপক্ষ তাদের ব্যবসায় সম্প্রসারণের জন্য নতুন একটি প্রকল্প গ্রহণ করে। প্রকল্পটি বাস্তবায়নের জন্য প্রতিষ্ঠানটির কর্তৃপক্ষ এমন একটি নিয়ন্ত্রণ কৌশল অবলম্বন করে যেখানে প্রকল্পের প্রতিটি কাজের শুরু ও শেষ সময় উল্লেখ থাকে।

১৬. উদ্দীপকে বর্ণিত সোহান টেক্সটাইল লি.-এর প্রকল্প বাস্তবায়নে নিয়ন্ত্রণের কোন কৌশলটি অবলম্বন করা হয়েছে?
ক বাজেট খ পার্ট
গ তথ্য বিশ্লেষণ ঘ ব্যক্তিগত পর্যবেক্ষণ

১৭. নিচের কোনটি সরলরৈখিক সংগঠনের অসুবিধা?
ক সহজ নিয়ন্ত্রণ খ দ্রুত সিদ্ধান্ত গ্রহণ
গ বিশেষায়নের অভাব ঘ পদোন্নতির স্পষ্ট পথ নির্দেশক

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৮নং প্রশ্নের উত্তর দাও।—**
ডিজাইন ফার্মাসিউটিক্যাল কোম্পানি লিমিটেড-এর কর্তৃপক্ষ তার উৎপাদন বিভাগে একজন ব্যবস্থাপক নিয়োগ করতে চায়। প্রতিষ্ঠানটির কর্তৃপক্ষ উক্ত পদে এমন এক প্রার্থীকে নিয়োগ করতে চায় যিনি প্রতিষ্ঠান সম্পর্কে অবহিত ও অভিজ্ঞ।

১৮. উদ্দীপকে উল্লেখিত ঐ প্রতিষ্ঠানে ব্যবস্থাপক পদে জনবল নিয়োগে কর্তৃপক্ষের করণীয় কী?
ক বিজ্ঞপ্তি প্রদান করা খ পদোন্নতি প্রদান
গ শিক্ষা প্রতিষ্ঠানের স্মরণাপন্ন
ঘ বৃত্তিমূলক প্রতিষ্ঠানে অনুসন্ধান

১৯. একাধিক কর্মপন্থার মধ্য হতে সর্বোত্তম বিকল্পটি বেছে নেয়াকে কী বলা হয়?
ক সিদ্ধান্ত গ্রহণ খ পূর্বানুমান
গ পরিকল্পনা ঘ কর্মীসংস্থান

২০. নিচের কোনটির মাধ্যমে পরিকল্পনা সংশোধন করা হয়?
ক প্রেষণা খ নিয়ন্ত্রণ
গ নির্দেশনা ঘ সংগঠন

২১. 'ব্যবস্থাপনা সার্বজনীন'-এ মতবাদটি কে দিয়েছেন?
ক এডাম স্মিথ খ জেমস স্টুয়ার্ট
গ সক্রেটিস ঘ হেনরি ফেয়ল

২২. নিচের কোনটিকে ব্যবস্থানার দর্পণ হিসেবে বিবেচনা করা হয়?
ক সংগঠন খ পরিকল্পনা
গ নিয়ন্ত্রণ ঘ কর্মীসংস্থান

২৩. নিচের কোন সংগঠনটির সাথে সামরিক সংগঠনের সবচেয়ে বেশি সাদৃশ্য রয়েছে?
ক কার্যভিত্তিক খ মেট্রিক্স
গ সরলরৈখিক ঘ সরলরৈখিক ও পদস্থকর্মী

২৪. বৈজ্ঞানিক ব্যবস্থাপনা উদ্ভাবন কী ধরনের বিপ্লব ছিল?
ক মানসিক খ সামাজিক
গ অর্থনৈতিক ঘ রাজনৈতিক

২৫. নির্ধারিত লক্ষ্য অর্জনের জন্য মানুষকে প্রভাবিত করার প্রক্রিয়াকে কী বলা হয়?
ক প্রেষণা খ নেতৃত্ব
গ নিয়ন্ত্রণ ঘ সমন্বয়সাধন

**উদ্দীপকটি পড়ো এবং ২৬নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব রবিন নামে একজন কর্মী এবিসি ফ্যাশন লি. এ একজন সহযোগিতা মনোভাবাপন্ন ও বন্ধুসুলভ নির্বাহীর অধীনে কাজ করতে চায়।

২৬. উদ্দীপকে মাসলোর চাহিদা সোপান তত্ত্ব অনুযায়ী জনাব রবিন কোন ধরনের চাহিদা অনুভব করছেন?
ক আত্মতৃপ্তি খ সামাজিক
গ জৈবিক ঘ নিরাপত্তা

২৭. প্রেষণা প্রক্রিয়া কোন স্তর থেকে শুরু হয়?
ক তাড়না খ উদ্বিগ্নতা
গ অভাব ঘ লক্ষ্য

২৮. নিয়ন্ত্রণের কোন পদক্ষেপটির সাথে পরিকল্পনা সরাসরি সম্পর্কযুক্ত?
ক সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ
খ কার্যফল পরিমাপ
গ বিচ্যুতির কারণ নির্ণয় ঘ আদর্শ মান নির্ধারণ

২৯. বাংলাদেশের জাতীয় বাজেট কোন ধরনের পরিকল্পনার অন্তর্গত?
ক একার্থক খ কার্যভিত্তিক
গ স্থায়ী ঘ সামগ্রিক

৩০. কোন ধরনের নেতৃত্বে অধস্তনরা সিদ্ধান্ত গ্রহণে অবাধ স্বাধীনতা ভোগ করে?
ক গণতান্ত্রিক খ কর্মীকেন্দ্রিক
গ লাগামহীন ঘ স্বৈরতান্ত্রিক

৩১. প্রতিষ্ঠানে শূন্যপদ পূরণের পদক্ষেপকে বলে —
ক কর্মী সংগ্রহ খ কর্মী নির্বাচন
গ কর্মী প্রশিক্ষণ ঘ কর্মী নিয়োগ

৩২. পরিকল্পনার সংখ্যাত্মক প্রকাশকে কী বলে?
ক তথ্য খ লক্ষ্য
গ বাজেট ঘ সম আয়-ব্যয়

৩৩. প্রশিক্ষণ প্রদানের ফলে —
i. দক্ষতা বৃদ্ধি পায় ii. শ্রম ঘূর্ণায়মানতা হ্রাস পায়
iii. অপচয় বৃদ্ধি পায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ৩৪নং প্রশ্নের উত্তর দাও।**
ক্রমবর্ধমান চাহিদা পূরণের লক্ষ্যে ডেলটা কোম্পানি লিমিটেড তাদের কারখানার নতুন একটি ইউনিটে নিয়োগকৃত নবীন কর্মীদেরকে প্রতিষ্ঠানের নিয়ম-নীতি, কর্ম-পরিবেশ ও কার্যপদ্ধতি সম্পর্কে সম্যক ধারণা প্রদান করেন।

৩৪. উদ্দীপকে উল্লেখিত প্রতিষ্ঠানটিতে কোন ধরনের প্রশিক্ষণ পদ্ধতি প্রয়োগ করা হয়েছে?
ক শিক্ষানবিশ খ পরিচিতি
গ প্রবেশনা ঘ কোচিং

৩৫. যোগাযোগ প্রক্রিয়ার সর্বশেষ উপাদান কোনটি?
ক প্রাপক খ ডিকোডিং
গ ফলাবর্তন ঘ তথ্যের উৎস

৩৬. নিচের কোনটি শব্দ-বহির্ভূত যোগাযোগের অন্তর্গত?
i. ভাবভঙ্গি ii. নিরবতা
iii. প্রতীক
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩৭. কর্মীসংস্থান প্রক্রিয়ায় প্রথমে কোন কাজটি করতে হয়?
ক প্রশিক্ষণ খ কর্মী সংগ্রহ
গ পদোন্নতি ঘ কর্মী নির্বাচন

**উদ্দীপকটি পড়ো এবং ৩৮-৩৯ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. রিয়ান চৌধুরী একটি আন্তর্জাতিকমানের ফাইভ স্টার হোটেলের নির্বাহী পরিচালক। বাংলাদেশে বিভিন্ন বিভাগীয় শহরে হোটেলটির শাখা রয়েছে। ব্যস্ততার কারণে তিনি দেশ-বিদেশের শাখাগুলোতে সরাসরি পরিদর্শন করতে পারেন না। তিনি ঢাকার অফিসে বসেই বিভিন্ন স্থানের শাখা কর্মকর্তাদের সাথে সভা অনুষ্ঠান করেন এবং তাদের সাথে বিভিন্ন বিষয়ে মত বিনিময় করেন।

৩৮. উদ্দীপকে মি. রিয়ান চৌধুরী যোগাযোগের কোন মাধ্যমটি ব্যবহার করেন?
ক দূরালাপনী খ ভয়েস মেইল
গ টেলি-কনফারেন্সিং ঘ ই-মেইল

৩৯. মি. রিয়ান চৌধুরীর উল্লেখিত যোগাযোগ পদ্ধতি ব্যবহারের সুবিধা হলো —
i. দ্রুত যোগাযোগ ii. অর্থ ও সময় বাঁচায়
iii. তাৎক্ষণিক ফলাবর্তন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৪০. বিভিন্ন ব্যক্তি, বিভাগ ও উপ-বিভাগের কাজগুলোকে একসূত্রে গ্রথিত করার কাজকে কী বলে?
ক নির্দেশনাদান খ বিভাগীয়করণ
গ বিকেন্দ্রীকরণ ঘ সমন্বয় সাধন

| উত্তরমালা | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | খ | ৩ | ঘ | ৪ | খ | ৫ | গ | ৬ | ক | ৭ | ক | ৮ | খ | ৯ | ক | ১০ | খ | ১১ | গ | ১২ | গ | ১৩ | খ | ১৪ | খ | ১৫ | গ | ১৬ | খ | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | ক | ২০ | খ |
| | ২১ | গ | ২২ | খ | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | গ | ৩০ | গ | ৩১ | ক | ৩২ | গ | ৩৩ | ক | ৩৪ | ক | ৩৫ | গ | ৩৬ | খ | ৩৭ | খ | ৩৮ | গ | ৩৯ | খ | ৪০ | ঘ |

http://teachingbd.com